

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৫১
কৈলাসহর, ২৬ ডিসেম্বর, ২০২৩

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও
কৈলাসহর ও কুমারঘাটে প্রচার অভিযান

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও অভিযানে গত ২৩ থেকে ২৫ ডিসেম্বর তিনদিনব্যাপী সচেতনামূলক প্রচার অভিযান অনুষ্ঠিত হয়। এই অভিযানে এক সুসজ্জিত ভ্রাম্যমান গাড়ি বাল্যবিবাহ প্রতিরোধ, কন্যা সন্তান সুরক্ষা ও ভ্রূনের লিঙ্গ নির্ধারণ বিষয়ে জনসচেতনতা বাড়াতে কৈলাসহর ও কুমারঘাট মহকুমার বিভিন্ন পথ পরিক্রমা করে। তাছাড়া গত ১৫ থেকে ১৭ ডিসেম্বর কৈলাসহর মহকুমার বিভিন্ন এলাকায় সংশ্লিষ্ট বিষয়ে পথ নাটক অনুষ্ঠিত হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা এবং তথ্য ও সংস্কৃতি দপ্তর এই সচেতনতামূলক প্রচার অভিযানের আয়োজন করে।
